তারিখ ... 29/6/78 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 7 ...

ইত্তেফাক

152

## যশোর বোর্ড এসএসসি

# পাসের হার ৬৫'৪৩

(ভ্রাম্যমাণ রিপোর্টার)

যশোর, ২৮শে জুন—আজ যশোর শিক্ষা বোর্ডের এস এস সি পরীক্ষা, ১৯৭৮-এর ফল প্রকাশিত হইয়াছে। ৪১,২৩৭ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করিয়াছে ২৬,৯৮৩ জন। পাসের হার ৬৫ দশমিক ৪৩।

সম্মিলিত তালিকায় ২,০৬৮ জন প্রথম বিভাগ, ৯,৫৪৪ জন দ্বিতীয় বিভাগ এবং ১৫,৩৭১ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে। মানবিক শাখায় ২৫,০৩৯ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করিয়াছে ১৪,৫৪৭ জন—প্রথম বিভাগে ১,০৩৮, দ্বিতীয় বিভাগে ৩,৯২১ ও তৃতীয় বিভাগে ১০,৪৮৮। পাসের হার ৫৮ দশমিক ০৯। বিজ্ঞান শাখায় ৮,৯৬৩ জন পরীক্ষার্থীর মধ্যে ৭,৬২৮ জন পাস করিয়াছে—প্রথম বিভাগে ১,৬৯৬, দ্বিতীয় বিভাগে ৩,৭১০ ও তৃতীয় বিভাগে ২,২২২। পাসের হার ৮৫ দশমিক ১০। বাণিজ্য শাখায় পরীক্ষার্থী ছিল ৩,৫০৭ জন, পাস করিয়াছে ২,৪৯৮ জন—প্রথম বিভাগে ৬০, দ্বিতীয় বিভাগে ৯২৫ ও তৃতীয় বিভাগে ১,৫০৯। পাসের হার ৭১ দশমিক ১১। কৃষি, শিল্পকলা ও গার্হস্থ্য অর্থনীতি শাখায় পাসের হার যথাক্রমে ৭৭ দশমিক ৫৯, ৭৯ দশমিক ৩৬ ও ৮১ দশমিক ৬৬।

সম্মিলিত মেধা তালিকায় ক্যাডেট কলেজের মহম্মদ কামরুল

## পাসের হার ৬৫'৪৩

(১ম পৃঃ পর)

ইসলাম তালুকদার প্রথম, মহম্মদ ইফতেখার রহিম দ্বিতীয় ও গাজী আবু তাহের তৃতীয় স্থান অধিকার করিয়াছে; খুলনার সেন্ট যোসেফ হাইস্কুলের শেখ শহীদুজ্জামান চতুর্থ, ঝিনাইদহ ক্যাডেট কলেজের মুন্সী রিয়াজুল ইসলাম ও মহম্মদ কামরুজ্জামান যথাক্রমে পঞ্চম ও ৬ষ্ঠ, সেন্ট যোসেফ হাইস্কুলের সত্যজিত দে সরকার সপ্তম, ঝিনাইদহ ক্যাডেট কলেজের আলাউদ্দিন আহমেদ ও কাজী মহম্মদ শাহজাহান যথাক্রমে অষ্টম ও নবম এবং খুলনা জিলা স্কুলের আবু নাসের মহম্মদ আজিজুল্লাহ ১০ম স্থান অধিকার করিয়াছে।

বিজ্ঞান শাখায় মোহম্মদ কামরুল ইসলাম প্রথম ও মহম্মদ ইফতেখার রহিম দ্বিতীয় (ঝিনাইদহ ক্যাডেট কলেজ), শেখ শহীদুজ্জামান তৃতীয় (সেন্ট যোসেফ হাই স্কুল), এবং মুন্সী রিয়াজুল ইসলাম চতুর্থ ও মোহম্মদ কামরুজ্জামান পঞ্চম (ঝিনাইদহ ক্যাডেট কলেজ) স্থান দখল করিয়াছে।

মানবিক শাখায় মোহাম্মদ শহীদুল ইসলাম (ঝিনাইদহ ক্যাডেট কলেজ) প্রথম, রমেন্দ্রনাথ বিশ্বাস (ধামুরা বহুমুখী স্কুল, বরিশাল) দ্বিতীয়, মহম্মদ নাজমুল ইসলাম (ঝিনাইদহ ক্যাডেট কলেজ) তৃতীয়, জিএম শহীদুল ইসলাম (মিকসিমিল রুদঘারা স্কুল, খুলনা) চতুর্থ এবং মোহম্মদ মইনুর রহমান (পারুলিয়া এসএম হাইস্কুল, খুলনা) পঞ্চম স্থান অধিকার করিয়াছে।

বাণিজ্য শাখায় অপূর্ব কান্তি দাস (বাগেরহাট গভঃ হাই স্কুল) প্রথম, জাহাঙ্গীর হোসেন সরদার (ধামুরা বহুমুখী স্কুল, বরিশাল) দ্বিতীয়, ফ্লোরেন্স লিপিকা সমাদ্দার (অক্সফোর্ড মিশন হাইস্কুল) তৃতীয়, এম, এফ মাহবুবুর রহমান (খুলনা নিউজপ্রিন্ট মিলস স্কুল) চতুর্থ এবং রঞ্জন কুমার ভৌমিক (শ্রীরামকাটি হাইস্কুল) পঞ্চম স্থান লাভ করিয়াছে।

কৃষি শাখায় লক্ষ্মণ চন্দ্র কুণ্ড (শৈলকুপা বহুমুখী হাই স্কুল) প্রথম, মীর শহীদুর রহমান (আলমডাঙ্গা বহুমুখী হাই স্কুল) দ্বিতীয় ও সুভাষ চন্দ্র সাহা (শৈলকুপা বহুমুখী হাই স্কুল) তৃতীয় স্থান লাভ করিয়াছে।

শিল্পকলায় গাজী আবু তাহের (ঝিনাইদহ ক্যাডেট কলেজ) প্রথম, মিজানুর রহমান (বরিশাল জিলা স্কুল) দ্বিতীয় ও মোহম্মদ সারওয়ার হোসেন (ঝিনাইদহ ক্যাডেট কলেজ) তৃতীয় স্থান লাভ করিয়াছে।

নায়লা বারি (দাউদ পাব্লিক স্কুল) ও সেলিনা আখতার (বরিশাল গভঃ গার্লস স্কুল) মেয়েদের মধ্যে যথাক্রমে প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করিয়াছে।